

যেকোন জায়গা থেকে আপনার স্বাস্থ্য সেবা ব্যবস্থাপনা করুন

NYC Health + Hospitals-এর MyChart দ্বারা, আপনি আপনার মোবাইল ফোন বা কম্পিউটার থেকে আপনার স্বাস্থ্য সেবা ব্যবস্থাপনা করতে পারেন। MyChart-এ নিবন্ধন ও লগ ইন করার পর, আপনি যা করতে পারেন:

- + আপনার পরীক্ষা এবং অন্যান্য ল্যাবরেটরির ফলাফল দেখা
- + আপনার ডাক্তারের অফিসে সুরক্ষিত বার্তা পাঠানো
- + ওষুধ রিফিলের অনুরোধ জানানো
- + ভিজিটের আগে অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ এবং চেক-ইন করা
- + আপনার মেডিকেল রেকর্ড এবং আরও অনেক কিছু ডাউনলোড এবং শেয়ার করা

MyChart সম্পর্কে আরও জানতে ভিজিট করুন

mychart.nychealthandhospitals.org বা আপনার পরিচর্যা টিমকে জিজ্ঞাসা করুন।

আপনার স্বাস্থ্যসেবার জন্য পেমেন্ট করা

আপনার উচ্চমান সম্পন্ন ও সাশ্রয়ী মূল্যের স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকার রয়েছে, আপনার অর্থ পরিশোধের সক্ষমতা বা ইমিগ্রেশন স্ট্যাটাস যাই হোক না কেন। আপনার ও আপনার পরিবারের জন্য লভ্য বিকল্পসমূহ সম্পর্কে জানতে 1-646-694-3131 নম্বরে কল করুন।

MetroPlusHealth

NYC Health + Hospitals -এর নিজস্ব স্বাস্থ্য বিমা পরিকল্পনা প্রাপ্তবয়স্ক, শিশু, এবং পরিবারের জন্য কম খরচে বা বিনামূল্যে স্বাস্থ্য বিমা প্রদান করে এবং সিটির কর্মচারী, এইচআইভি (HIV) আক্রান্ত ব্যক্তি ও যাদের দীর্ঘমেয়াদী যত্নের প্রয়োজন তাদের জন্য বিশেষ পরিকল্পনা প্রদান করে। আরও জানতে 1-800-475-METRO বা 1-800-475-6387 নম্বরে কল করুন।



NYC Care একটি স্বাস্থ্য সেবা অ্যাক্সেস প্রোগ্রাম যা নিউ ইয়র্কবাসীদের কম খরচে এবং বিনামূল্যে সেবা প্রদানের নিশ্চয়তা প্রদান করে যারা স্বাস্থ্য বিমা পাওয়ার যোগ্য নয় বা কেনার সামর্থ্য নেই। 1-646-NYC-CARE বা 1-646-692-2273 নম্বরে কল করুন।

অ্যাপয়েন্টমেন্টের জন্য, কল করুন
1-844-NYC-4NYC

(1-844-692-4692)

জীবন সুস্বাস্থ্য কাটান।

NYC
HEALTH+
HOSPITALS



সাথে থাকুন। আমাদেরকে অনুসরণ করুন।

www.nychealthandhospitals.org

Bengali 08/20



আমরা

এখানে আছি  

আপনার জন্য।

জীবন সুস্বাস্থ্যে কাটান।

NYC
HEALTH+
HOSPITALS

আপনার স্বাস্থ্যের যত্ন নেওয়া গুরুত্বপূর্ণ।

NYC Health + Hospitals আপনার প্রয়োজনীয় যত্ন পাওয়াকে সহজ এবং নিরাপদ করে তুলছে।

আপনার বার্ষিক শারীরিক পরীক্ষার সময়সূচি নির্ধারণ করার সময় হলে অথবা প্রতিরোধমূলক পরিচর্যার ভিজিট বা আপনি যে প্রক্রিয়া স্বগিত করে রেখেছেন তার জন্য সময়সূচি পুনঃনির্ধারণ করার সময় হলে, আমাদের ডাক্তাররা আপনাকে দেখতে প্রস্তুত আছেন।

আপনি যখন আমাদের অবস্থানসমূহের কোন একটাতে আসেন তখন আপনাকে সুরক্ষিত রাখার জন্য আমরা যথাসাধ্য চেষ্টা করি। আমাদের কর্মীরা সবসময় মাস্ক এবং প্রতিরক্ষামূলক সরঞ্জাম পরে থাকে। আমাদের হাসপাতাল, ইমার্জেন্সি রুম বা ক্লিনিকে প্রবেশকারী সবাইকে COVID-19 এর উপসর্গের জন্য পরীক্ষা করা হয়। সকল রোগী এবং দর্শনার্থীদের একটি মাস্ক পরতে হবে এবং সামাজিক দূরত্ব অনুশীলন করতে হবে। আমাদের সকল কেন্দ্রসমূহ সারাদিন ধরে পরিষ্কার এবং স্যানিটাইজ করা হয়।





যেভাবে আপনার ডাক্তারের সাথে দেখা করতে হবে

আপনার ডাক্তার বা নার্সকে দেখানোটা সহজ এবং নিরাপদ। আপনি আপনার বাড়িতে স্বাস্থ্যসেবা থেকে সশরীরে, ফোন বা ভিডিও ভিজিটের জন্য আজ একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে পারেন। **1-844-NYC-4NYC (1-844-692-4692)** নম্বরে কল করুন। আপনার স্বাস্থ্য সেবা টিমকে জিজ্ঞেস করুন যে কোন বিকল্পটি আপনার জন্য উপযুক্ত।



সশরীরে অ্যাপয়েন্টমেন্টসমূহ

আমাদের ক্লিনিকগুলো নিরাপদ এবং সেবার জন্য উন্মুক্ত। আমরা নতুন রোগী গ্রহণ করছি এবং সশরীরে অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি নির্ধারণ করছি। আপনি যদি বয়স্ক হন অথবা COVID-19-এর বেশি ঝুঁকিতে থাকেন তাহলে বিশেষভাবে নিবেদিত সময়সমূহ সম্পর্কে জিজ্ঞাসা করতে কল করুন।



দ্রুত-পরীক্ষার জন্য ভিজিট

এটি একটি নতুন, দ্রুত বিকল্প যখন আপনার ল্যাব ওয়ার্ক করার, অথবা আপনার গুরুত্বপূর্ণ লক্ষণসমূহ যেমন রক্তচাপ, হৃদস্পন্দন, এবং ওজন পরীক্ষা করার প্রয়োজন হয়। আপনার স্বাস্থ্য সেবা টিমকে জিজ্ঞেস করুন যে এটা আপনার জন্য উপযুক্ত বিকল্প কিনা।



ফোন এবং ভিডিও ভিজিট

আপনি আপনার ডাক্তার বা নার্সের সাথে ঘরে বসে টেলিভিজিটের সহায়তায় ফোন বা ভিডিওর মাধ্যমে কথা বলতে পারেন। আপনার স্বাস্থ্য সেবা সরবরাহকারী আপনার অ্যাপয়েন্টমেন্টের নির্ধারিত সময়ে আপনাকে কল করবে। ভিডিও ভিজিটের জন্য, আপনি যখন MyChart পেশেন্ট পোর্টালে লগ ইন করবেন তখন আপনি সংযোগ করতে পারবেন।

আমরা আপনার জন্য এখানে আছি। আপনার সকল স্বাস্থ্য সেবার চাহিদা মেটানোর জন্য একটি জায়গা।

- + প্রাপ্তবয়স্ক এবং শিশুদের প্রাথমিক পরিচর্যা
- + কার্ডিওলজি
- + ডার্মাটোলজি
- + জরুরি সেবা
- + গ্যাস্ট্রোএন্টারোলজি
- + মানসিক স্বাস্থ্য পরিষেবা
- + নিউরোলজি
- + পালমোনারি (ফুসফুস সম্পর্কিত)
- + ভার্চুয়াল জরুরি সেবা
- + নারীর স্বাস্থ্য

প্রয়োজনীয় যত্ন ছাড়া কারো ফিরে যাওয়া উচিত নয়।

NYC Health + Hospitals সকল রোগীকে যত্ন নেওয়ার সময় নিরাপদ রাখার জন্য ব্যাপক নিরাপত্তা প্রোটোকল স্থাপন করেছে।

এটা বিশেষভাবে গুরুত্বপূর্ণ যে আপনার সন্তান যেন তার ওয়েল-চাইল্ড ভিজিট বা টিকা মিস না করে।

আপনি যদি স্ট্রোক বা হার্ট অ্যাটাকের উপসর্গ অনুভব করে থাকেন, তীব্র ব্যথা বা অন্য কোন জরুরী অবস্থার সম্মুখীন হন, তাহলে COVID-19-এর সংস্পর্শে আসার ভয়ে চিকিৎসা বন্ধ করবেন না। NYC Health + Hospitals এর সকল জরুরী কক্ষসমূহে COVID-19 উপসর্গযুক্ত রোগীদের জন্য আলাদা এলাকা রয়েছে। সেবার জন্য 911-এ কল করুন অথবা আপনার নিকটস্থ ইমার্জেন্সি রুমে যান।

বিনামূল্যে COVID-19 এবং এন্টিবডি পরীক্ষা

নিজেকে এবং আপনার প্রিয়জনদের সুরক্ষিত রাখতে একটি পরীক্ষা করান। সকল নিউইয়র্কবাসীর COVID-19 এর জন্য পরীক্ষা করানো উচিত, যদিও তারা কোনও লক্ষণ অনুভব না করে।

পরীক্ষাগুলো বিনামূল্যে, নিরাপদ, দ্রুত এবং সহজ। আপনার নিকটে একটি পরীক্ষা কেন্দ্র খুঁজে পেতে 1-877-CVD-19NY (1-877-283-1969) নম্বরে কল করুন।

